# চতুর্থ অধ্যায়: ঝুঁকি ও অনিশ্চয়তা

৮২. **ব্যবসায় প্রতিষ্ঠানে ঝুঁকির সৃষ্টি হয় কোথা থেকে?**
ক বিনিয়োগ থেকে খ ব্যবসায় থেকে
গ বিচ্যুতি থেকে ঘ লাভ-লোকসান থেকে গ

৮৩. **প্রতিষ্ঠানের বিভিন্ন সিদ্ধান্তের প্রকৃত ফলাফল প্রত্যাশিত ফলাফলের চেয়ে কম বা বেশি হয় কেন?** (অনুধাবন)
ক ঝুঁকির কারণে খ অনিশ্চয়তার কারণে
গ অধিক ব্যয়ের কারণে ঘ পরিচালনার কারণে খ

৮৪. **একজন বিনিয়োগকারীর বিনিয়োগের সময় চিন্তা করতে হয় —**(অনুধাবন)
i. সম্ভাব্য মুনাফার হার ii. অনিশ্চয়তার সম্ভাবনা
iii. প্রত্যাশিত নগদ প্রবাহ
**নিচের কোনটি সঠিক?**
ক i ও ii খ ii
গ i ও iii ঘ i, ii ও iii ঘ

৮৫. **বিভিন্ন কৌশল অবলম্বন করে কোনটির পরিমাণ কমানো যায়?** (জ্ঞান)
ক ঝুঁকির খ অনিশ্চয়তার
গ বিচ্যুতির ঘ খরচের ক

৮৬. **ঝুঁকি ও অনিশ্চয়তা সম্পর্কিত প্রযোজ্য উক্তি হলো —**
i. বিভিন্ন ধরনের কৌশল প্রয়োগ করে অনিশ্চয়তা কমানো সম্ভব
ii. অনিশ্চয়তার যে অংশটুকু পরিমাপ করা যায় তাই ঝুঁকি
iii. ব্যবসায় প্রতিষ্ঠান ঝুঁকি কমানোর পদক্ষেপ গ্রহণ করতে পারে
**নিচের কোনটি সঠিক ?**
ক i ও ii খ i ও iii
গ ii ও iii ঘ i, ii ও iii গ

৮৭. **কীসের কারণে ব্যবসায় প্রতিষ্ঠানের কাঙ্ক্ষিত ফলাফল না পাওয়ার সম্ভাবনা দেখা দেয়?** (অনুধাবন)
ক ভাগ্যের খ ব্যবস্থাপনার
গ অনিশ্চয়তার ঘ ঝুঁকির ঘ

৮৮. **ব্যবসায় প্রতিষ্ঠানের দৃষ্টিকোণ থেকে ঝুঁকি কত প্রকার?** (জ্ঞান)
ক ৫ প্রকার খ ৪ প্রকার
গ ৩ প্রকার ঘ ২ প্রকার ঘ

৮৯. **অফিস ভাড়া, বিমা খরচ ইত্যাদির পরিমাণ বেশি হলে কোন ধরনের ঝুঁকির সৃষ্টি হয়?** (জ্ঞান)
ক আর্থিক ঝুঁকি খ সুদ হারের ঝুঁকি
গ তারল্য ঝুঁকি ঘ ব্যবসায়িক ঝুঁকি ঘ

৯০. **যে প্রতিষ্ঠানের ঋণ মূলধন বেশি সে প্রতিষ্ঠানের আর্থিক ঝুঁকি বেশি হওয়ার কারণ কী?** (অনুধাবন)
ক ঋণ মূলধনের সুদ প্রদান করা বাধ্যতামূলক
খ ঋণ মূলধনের জন্যে সুদ প্রদান করা বাধ্যতামূলক নয়
গ ঋণ মূলধন ব্যবসায়ের জন্যে অমঙ্গলজনক
ঘ ঋণ মূলধনের স্থায়িত্ব শেয়ার মূলধন থেকে বেশি ক

৯১. **কোন ঝুঁকির কারণে কোম্পানির দ্রুত বিলোপসাধন হওয়ার সম্ভাবনা থাকে?** (জ্ঞান)
ক তারল্য ঝুঁকি খ ব্যবসায়িক ঝুঁকি
গ সুদ হারের ঝুঁকি ঘ আর্থিক ঝুঁকি ঘ

৯২. **সুদের হারের পরিবর্তনের কারণে বিনিয়োগের মূল্য কমার সম্ভাবনাকে কী বলা হয়?** (জ্ঞান)
ক ব্যবসায়িক ঝুঁকি খ আর্থিক ঝুঁকি
গ তারল্য ঝুঁকি ঘ সুদ হারের ঝুঁকি ঘ

৯৩. **সুদের হার কমলে বিনিয়োগের বাজার মূল্যে কীরূপ প্রভাব পড়ে?** (অনুধাবন)
ক বাজারমূল্য কমে যায়
খ বাজারমূল্য বেড়ে যায়
গ বাজারমূল্য স্থিতিশীল থাকে
ঘ বাজারমূল্য অপরিবর্তিত থাকে খ

৯৪. **ব্যবসায়িক ঝুঁকির উৎস হলো —** (অনুধাবন)
i. বিক্রয়মূল্য পরিবর্তন
ii. বিক্রয়ের পরিমাণ পরিবর্তন
iii. অতিরিক্ত স্থায়ী খরচের প্রবণতা
**নিচের কোনটি সঠিক ?**
ক i ও ii খ i ও iii
গ ii ও iii ঘ i, ii ও iii ঘ

৯৫. **তারল্য ঝুঁকি বেশি —** (অনুধাবন)
i. একমালিকানা ব্যবসায়ে
ii. অংশীদারি ব্যবসায়ে
iii. যৌথ মূলধনি ব্যবসায়ে

Teachingbd.com

নিচের কোনটি সঠিক ?

(ক) i ও ii (খ) i ও iii
(গ) ii ও iii (ঘ) i, ii ও iii **ক**

**উদ্দীপকটি পড়ো এবং ৯৬-৯৭ নং প্রশ্নের উত্তর দাও।**

মি. চপলের নিজস্ব পুঁজি না থাকার কারণে ব্যাংক থেকে ঋণ নিয়ে ব্যবসায় করেন। কিন্তু তার ব্যবসায়টি কাঙ্খিত মুনাফা অর্জন করতে না পারায় ঋণ পরিশোধে জটিলতার সৃষ্টি হয়।

**৯৬. মি. চপল কোন ধরনের ঝুঁকির সম্মুখীন হয়েছেন?**

(ক) ব্যবসায়িক ঝুঁকি (খ) আর্থিক ঝুঁকি
(গ) সুদ হারের ঝুঁকি (ঘ) তারল্য ঝুঁকি **খ**

**৯৭. মি. চপলের দায় পরিশোধের অক্ষমতার কারণে —**

i. তিনি ঋণ মওকুফের আবেদন করতে পারেন
ii. ঋণদানকারী প্রতিষ্ঠানগুলো আইনের আশ্রয় নিতে পারেন
iii. তিনি দেউলিয়া ঘোষিত হতে পারেন

নিচের কোনটি সঠিক ?

(ক) i ও ii (খ) i ও iii
(গ) ii ও iii (ঘ) i, ii ও iii **গ**

**৯৮. কোনটি ঝুঁকিমুক্ত আয়ের অন্তর্ভুক্ত?** (জ্ঞান)

(ক) মুনাফা (খ) আমানতের সুদ
(গ) কমিশন (ঘ) লভ্যাংশ **খ**

**৯৯. ঝুঁকিমুক্ত আয়ের উদাহরণ হলো —** (অনুধাবন)

i. শেয়ার বাজারে অর্থ বিনিয়োগ করা
ii. সরকার কর্তৃক ইস্যুকৃত ট্রেজারি বিল ক্রয় করা
iii. জাতীয় সঞ্চয়পত্র ক্রয় করা

নিচের কোনটি সঠিক ?

(ক) i ও ii (খ) i ও iii
(গ) ii ও iii (ঘ) i, ii ও iii **গ**

**১০০. ট্রেজারি বিল থেকে প্রাপ্ত আয় ঝুঁকিমুক্ত আয়ের অন্তর্ভুক্ত। কারণ —** (উচ্চতর দক্ষতা)

i. এটি সরকার কর্তৃক ইস্যুকৃত হয়
ii. এ আয়ের পরিমাণ সবসময় বেশি থাকে
iii. এ বিনিয়োগের প্রকৃত আয় প্রত্যাশিত আয়ের সমান হয়

নিচের কোনটি সঠিক ?

(ক) i ও ii (খ) i ও iii
(গ) ii ও iii (ঘ) i, ii ও iii **খ**

**১০১. ঝুঁকিবহুল আয়ের উদাহরণ হলো —** (অনুধাবন)

i. ব্যাংকের স্থায়ী আমানত থেকে প্রাপ্ত সুদ
ii. শেয়ার বাজার থেকে প্রাপ্ত আয়
iii. বৈদেশিক বাণিজ্য থেকে প্রাপ্ত আয়

নিচের কোনটি সঠিক ?

(ক) i ও ii (খ) i ও iii
(গ) ii ও iii (ঘ) i, ii ও iii **গ**

**১০২. প্রত্যাশিত আয় থেকে প্রকৃত আয়ের কোন উপাদানটি বেশি হলে ঝুঁকি বাড়ে?** (জ্ঞান)

(ক) সম্ভাবনা (খ) অনিশ্চয়তা
(গ) বিচ্যুতি (ঘ) ত্রুটি **গ**

**১০৩. ঝুঁকি পরিমাপের জন্যে কোনটি ব্যবহার করা হয়?**

(ক) গড় ব্যবধান (খ) গড়
(গ) মধ্যক (ঘ) আদর্শ বিচ্যুতি **ঘ**

**১০৪. কোনটি পরিমাপযোগ্য নয় কিন্তু অনুমান করা যায়?**

(ক) আয় (খ) ব্যয়
(গ) ঝুঁকি (ঘ) অনিশ্চয়তা **ঘ**

**১০৫. আদর্শ বিচ্যুতি নির্ণয়ের সূত্র কোনটি?** (জ্ঞান)

(ক) $\text{আদর্শ বিচ্যুতি} = \sqrt{\dfrac{\Sigma(\text{আয় হার-গড় হার})}{\text{ন-১}}}$

(খ) $\text{আদর্শ বিচ্যুতি} = \sqrt{\dfrac{\Sigma(\text{গড় হার-আয় হার})^2}{\text{ন -১}}}$

(গ) $\text{আদর্শ বিচ্যুতি} = \sqrt{\dfrac{(\text{আয় হার-গড় হার})^2}{\text{ন-১}}}$

(ঘ) $\text{আদর্শ বিচ্যুতি} = \sqrt{\dfrac{\Sigma(\text{আয় হার-গড় হার})^2}{\text{ন-১}}}$ **ঘ**

**১০৬.** $\textbf{আদর্শ বিচ্যুতি} = \sqrt{\dfrac{\Sigma(\text{আয় হার-গড় হার})^2}{\text{ন-১}}}$

**এখানে 'ন' দ্বারা বোঝায় কোনটি?** (জ্ঞান)

(ক) বছরের সংখ্যা (খ) আয়ের বিচ্যুতি
(গ) সম্ভাব্য ঝুঁকি (ঘ) চলমান বছর **ক**

Teachingbd.com

http://teachingbd.com